# মেহেরপুর সদর উপজেলা পরিষদের মার্চ- ২০২২ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ ইয়ারুল ইসলাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেহেরপুর সদর
স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ, মেহেরপুর সদর
সভার তারিখ ও সময় : ১৪/০৩/২০২২ খ্রি., বেলা- ১১.০০ ঘটিকা

উপস্থিত সদস্যদের নাম : পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য

সভায় উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়।

২.০০ গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন :

গত ১০/০২/২০২২ খ্রি. তারিখের সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। কার্যবিবরণীতে কোনো সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ (Confirm) করা হয়।

৩.০০ স্থায়ী কমিটি সমূহের কার্যবিবরণী পর্যালোচনা :

সভায় আলোচনার জন্য মার্চ- ২০২২ মাসে নিম্নবর্ণিত ০১ টি স্থায়ী কমিটির কার্যবিবরণী পাওয়া গিয়েছে।

| স্থায়ী কমিটির আলোচনা | সুপারিশ / সিদ্ধান্ত |
|---|---|
| ০১। কৃষি ও সেচ সংক্রান্ত কমিটি :<br><br>গত ০৩/০৩/২০২২ খ্রি. তারিখে কৃষি ও সেচ সংক্রান্ত স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়। উপজেলা কৃষি অফিসার, মেহেরপুর সদর সভায় জানান যে, মেহেরপুর সদর সবজি উৎপাদনে সমৃদ্ধ একটি উপজেলা। অত্র উপজেলার সবজি দেশের বিভিন্ন বড় বড় শহরে বিক্রয়ের জন্য যায়। এছাড়াও বর্তমানে মেহেরপুরের সবজি মালয়েশিয়া, সিংগাপুর সহ অন্যান্য দেশে রপ্তানি হচ্ছে। এ উপজেলায় ৪০০ জনের অধিক বালাইনাশক বিক্রেতা রয়েছে। বিক্রেতাগণের বালাইনাশকের নিরাপদ ব্যবহার সম্পর্কিত প্রশিক্ষনের ব্যবস্থা গ্রহণ করা হয়, তাহলে নিরাপদ সবজি উৎপাদন করা যেতে পারে। বিক্রেতাগণের সীমিত বালাইনাশকের ব্যবহার, বালাইনাশকের অপেক্ষামান সময়, অধিক মাত্রায় বালাইনাশকের ব্যবহারের অপকারিতা, বালাইনাশকের ব্যবহার করলে কত সময় সেই ফসল খাওয়া বা বিক্রয় থেকে বিরত থাকতে পারবে এই বিষয়ে পরামর্শ দিতে পারবে। বেশ মাত্রায় বালাইনাশক ব্যবহার করলে সবজি অনিরাপদ হয় যা স্বাস্থ্যের জন্য ক্ষতিকর। তাই নিরাপদ ফসল উৎপাদনের জন্য বালাইনাশক বিক্রেতাসহ সকল স্টকহোল্ডার প্রশিক্ষণ খুবই প্রয়োজন। এর ফলে দেশে-বিদেশে মেহেরপুরের উৎপাদিত সবজির সুনাম উত্তরোত্তর বৃদ্ধি পাবে মর্মে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | উপস্থিত সকল সদস্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গ্রহণ করেন যে, উপজেলা পরিষদ থেকে বর্ণিত প্রকল্পসমূহ গ্রহণ করার জন্য বরাদ্দ চাওয়ার জন্য সুপারিশ করা হয়। |

সিদ্ধান্ত : উপজেলা পরিষদের স্থায়ী কমিটির নির্ধারিত সভা করে সুনির্দিষ্ট প্রস্তাব পেশসহ সভার কার্যবিবরণী উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রেরণের জন্য স্ব স্ব কমিটির সদস্য-সচিবকে অনুরোধ করা হয়।

৪.০০ (ক) বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি):

উপজেলা প্রকৌশলী, মেহেরপুর সদর, সভায় জানান যে, বিগত ০৯/১২/২০২১ খ্রি. তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদ মাসিক সভায় ২০২১-২০২২ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচির (এডিপি) আওতায় ১,৭০,৮৯,২৪৭.০০ টাকার বিপরীতে ৮৬টি প্রকল্পের কাজ বাস্তবায়নের নিমিত্ত অনুমোদন করা হয়। অনুমোদনকৃত ৮৬টি প্রকল্পের মধ্যে ৩৯৭৮৫৬১.০০ টাকার ২৩টি প্রকল্পের কাজ প্রকল্প কমিটি (পিআইসি) দ্বারা এবং ১৩১১০৬৮৬.০০ টাকার ৬৩টি প্রকল্পের কাজ e-GP পদ্ধতি অনুসরণ করে সীমিত দরপত্রের মাধ্যমে নির্বাচিত ঠিকাদার দ্বারা বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। দরপত্র কার্যক্রম প্রক্রিয়াধীন আছে এবং প্রকল্প কমিটি (পিআইসি) দ্বারা বাস্তবায়নের জন্য অনুমোদিত ২৩টি প্রকল্পের মধ্যে ২২টি প্রকল্প কমিটি অনুমোদিত হয়েছে। তিনি আরো জানান যে, এডিপি'র যাবতীয় কার্যক্রম আগামী ৩১/০৫/২০২২ খ্রি. তারিখের মধ্যে সম্পন্ন করার নির্দেশনা রয়েছে। সে কারনে অনুমোদিত প্রকল্প কমিটি (পিআইসি) দ্রুত চুক্তি সম্পাদন অন্তে প্রকল্পের কাজ শুরু/ সমাপ্ত করে ৩১/০৫/২০২২ খ্রি. তারিখের মধ্যে যাবতীয় বিল উত্তোলনের ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের অনুরোধ করেন। একইসাথে নিম্নেবর্ণিত ০১(এক) টি প্রকল্পের পাশে উল্লেখকৃত প্রকল্প কমিটি (পিআইসি) এবং ০১টি প্রকল্পের পাশে উল্লেখকৃত সংশোধিত প্রকল্প কমিটি (পিআইসি) অনুমোদনের লক্ষে উপস্থাপন করেন। এছাড়া চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেহেরপুর সদর সভায় জানান যে, বুড়িপোতা ইউনিয়নের ইছাখালী নিয়ামতের বাড়ী হতে আখবারের বাড়ি মূখি রাস্তা এইচবিবি দ্বারা উন্নয়ন কাজটি ইতোমধ্যে ২০২০-২০২১ অর্থ বছরে এডিপি'র অর্থায়নে এইচবিবি দ্বারা উন্নয়ন করা হয়েছে। সেকারনে অত্র প্রকল্পের পরিবর্তে বুড়িপোতা ইউনিয়নের ইছাখালী গ্রামের হামিদুলের বাড়ি হতে আলমাসের বাড়ি অভিমূখে রাস্তা এইচবিবি দ্বারা উন্নয়ন করা যেতে পারে।

(৬৯) পিরোজপুর গ্রামের মজিত মাষ্টারের বাড়ি হতে এজদানের বাড়ি অভিমূখে রাস্তা এইচবিবি করণ
বরাদ্দকৃত টাকার পরিমাণ ঃ ১,৯৯,৯৯৯.০০ ইউনিয়নঃ পিরোজপুর

| ক্রঃ নং | নাম | পরিচয় | ইউপি | কমিটিতে পদবী |
|---|---|---|---|---|
| ০১ | মোঃ আব্দুস সামাদ বাবলু বিশ্বাস | চেয়ারম্যান | পিরোজপুর | সভাপতি |
| ০২ | মোঃ আব্দুস সালাম সানি | সমাজ সেবক | ঐ | সেক্রেটারী |
| ০৩ | মোঃ হিমাদুল ইসলাম | ইউপি সদস্য | ঐ | সদস্য |
| ০৪ | মোঃ মতিউর রহমান | শিক্ষক | ঐ | সদস্য |
| ০৫ | মোঃ আশরাফুল ইসলাম | ইমাম | ঐ | সদস্য |
| ০৬ | মোঃ মিজানুর রহমান | ভিডিপি | ঐ | সদস্য |
| ০৭ | মোঃ রাহেলা খাতুন | ইউপি মহিলা সদস্য | ঐ | সদস্য |

(৭১) পিরোজপুর ইউনিয়নের বিভিন্ন গ্রামে নলকূপ স্থাপন কাজের সংশোধিত প্রকল্প কমিটি
বরাদ্দকৃত টাকার পরিমানঃ ২,০০,০০০.০০ ইউনিয়নঃ পিরোজপুর।

| ক্রঃ নং | নাম | পরিচয় | ইউপি | কমিটিতে পদবী |
|---|---|---|---|---|
| ১ | মোছাঃ শাহানাজ খাতুন | ইউপি মহিলা সদস্য | পিরোজপুর | সভাপতি |
| ২ | মোঃ আরমান আলী | ইউপি সদস্য | ঐ | সেক্রেটারী |
| ৩ | মোঃ মেহেদী রেজা | শিক্ষক | ঐ | সদস্য |
| ৪ | মোঃ মিজানুর রহমান | আনসার ভিডিপি সদস্য | ঐ | সদস্য |
| ৫ | মোঃ আহাদ আলী | বীরমুক্তিযোদ্ধা | ঐ | সদস্য |
| ৬ | মোঃ মুরশিদকুলী ম্যাগা | ইউপি সদস্য | ঐ | সদস্য |
| ৭ | মোছাঃ ছালমা খাতুন | ইউপি মহিলা সদস্য | ঐ | সদস্য |

**সিদ্ধান্তঃ** অনুমোদিত প্রকল্প কমিটি (পিআইসি) দ্রুত চুক্তি সম্পাদন অন্তে প্রকল্পের কাজ শুরু করে ৩১/০৫/২০২২ খ্রি. তারিখের মধ্যে যাবতীয় বিল উত্তোলন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহিত হলো। ইহাছাড়া অনুমোদিত ১,৯৯,৯৯৭.০০ টাকার মধ্যে সীমাবদ্ধ রেখে বুড়িপোতা ইউনিয়নের ইছাখালী নিয়ামতের বাড়ী হতে আখবারের বাড়ি মূখি রাস্তা এইচবিবি দ্বারা উন্নয়ন প্রকল্পের পরিবর্তে অধিকতর জনগুরুত্বপূর্ণ বুড়িপোতা ইউনিয়নের ইছাখালী গ্রামের হামিদুলের বাড়ি হতে আলমাসের বাড়ি অভিমূখে রাস্তা এইচবিবি দ্বারা উন্নয়ন প্রকল্পটি অনুমোদিত প্রকল্প কমিটি (পিআইসি) দ্বারা বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হলো। একইসাথে উপর্যুক্ত প্রকল্প ০২টি বাস্তবায়নের জন্য প্রস্তাবিত প্রকল্প কমিটি (পিআইসি)/ সংশোধিত প্রকল্প কমিটি (পিআইসি) সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো।

## ৫.০০ হস্তান্তরিত বিভাগ সমূহের কার্যাবলী :

| বিভাগীয় কার্যক্রম আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|
| **০১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তর :**<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার সভায় ফেব্রুয়ারি-২০২২ মাসের নিম্নরুপ প্রতিবেদন দাখিল করেন।<br>ক) বর্হিবিভাগের রোগীকে সেবা প্রদান : ২২৪৪ জন<br>খ) কমিউনিটি ক্লিনিকসমূহের সেবা প্রদান : ২৩৯৭৫ জন<br>গ) টিকা প্রদান : বিসিজি- ২২৮, এম আর ১= ২৬৬, ২য় এমআর-৩৫৫, জন সহ স্বাস্থ্য শিক্ষা, আর্সেনিকোসিস সেবা, ডায়রিয়া, নিউমোনিয়া, সর্দি-জ্বর, মাতৃ সেবা, যক্ষা রোগীসহ সকল ধরণের সেবা প্রদান করা হয়েছে। | বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি সন্তোষজনক। এ ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা স্বাস্থ্য ও প: প: অফিসার, মেহেরপুর সদরকে অনুরোধ করা হল। এ ছাড়াও উপজেলা পরিষদের সক্ষমতা বৃদ্ধিকল্পে নিয়মিত ব্যবধানে স্ট্যান্ডিং কমিটির সভার আয়োজন করতে হবে। সভার কার্যবিবরণী ০৩ কার্যদিবসের মধ্যে জারী করতে হবে। |
| **০২। উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তর :**<br>ক) স্থায়ী ও দীর্ঘ মেয়াদী পদ্ধতিতে (আই,ইউ,ডি ও ইমপ্লান্ট) মোট : ১৪৯৪ জনকে স্থায়ী ও ৬৫৫৬ জনকে অস্থায়ী পদ্ধতি গ্রহণ করানো হয়েছে।<br>খ) গর্ভবতীর যত্ন, নিরাপদ প্রসব, গর্ভোত্তর যত্ন ও শিশু পরিচর্যা করা হয়েছে। | বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি সন্তোষজনক। এ ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, মেহেরপুর সদরকে অনুরোধ করা হল। এ ছাড়াও উপজেলা পরিষদের সক্ষমতা বৃদ্ধিকল্পে নিয়মিত ব্যবধানে স্ট্যান্ডিং কমিটির সভার আয়োজন করতে হবে। সভার কার্যবিবরণী ০৩ কার্যদিবসের মধ্যে জারী করতে হবে। |

| | |
|---|---|
| ০৩। **উপজেলা কৃষি দপ্তর:**<br><br>উপজেলা কৃষি অফিসার, মেহেরপুর সদর সভায় জানান যে, মেহেরপুর সদর উপজেলায় এ বছর মাঠে ফসলের সার্বিক পরিস্থিতি সন্তোষজনক এবং আশানুরুপ ফলন হবে বলে আশাবাদ ব্যক্ত করেন। এ উপজেলায় ০১। রবি/২০২১-২০২২ মৌসুমে কৃষি প্রণোদনার আওতায় ১৮৩০ জন গম, ১৯০০ জন ভূট্টা, ১৩০০ জন সরিষা, ১৯৫ জন শীতকালীন পেঁয়াজ, ৫০০ জন মসুর ও ১০০ জন মুগ আবাদ বৃদ্ধির লক্ষ্যে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মধ্যে বিনামূল্যে বীজ ও রাসায়নিক সার বিতরণ সম্পন্ন হয়েছে। এছাড়া রবি মৌসুমে কৃষি প্রণোদনা কর্মসূচির আওতায় বোরো ধান (উফশী) ৮২০ জন আবাদ বৃদ্ধির লক্ষ্যে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ ও রাসায়নিক সার বিতরণ সম্পন্ন হয়েছে এবং বোরো ধান হাইব্রীড (এসএল৮এইচ) ৩৭০০ জন আবাদ বৃদ্ধির লক্ষ্যে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ বিতরণ সম্পন্ন হয়েছে। ০২। ২০২১-২০২২ রবি মৌসুমে বোরো ধানের সমলয়ে চাষাবাদ এর জন্য কৃষি প্রণোদনা কর্মসূচির আওতায় একটি ৫০ একরের বোরো ধান হাইব্রীড (এসএল৮এইচ) এর ব্লক প্রদর্শনীর বরাদ্দ পাওয়া গেছে। অত্র উপজেলার বুড়িপোতা ইউনিয়নের নবীনগর গ্রামে প্রদর্শনী স্থাপনের কার্যক্রম চলমান রয়েছে। ০৩। চলমান রবি/ ২০২১-২০২২ মৌসুমে মেহেরপুর সদর উপজেলায় সরিষা ২২০০ হে; গম ৪৫০০ হে; ভূট্টা ৫৫০০ হে; মসুর ১৬০০ হে; গোল আলু ৬৮৩; পেঁয়াজ ৮১১ হে; শীতকালীন সবজি ১৮০০ হে; রসুন ৪০০ হে; আবাদ হয়েছে। চলতি মৌসুমে বোরো ধানের ৮৫২০ হেক্টর আবাদের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। মাঠে ফসলের সার্বিক পরিস্থিতি সন্তোষজনক। ০৪। বাজারে সার, বীজ ও বালাইনাশক মজুদ ও সরবরাহ পরিস্থিতি স্বাভাবিক ও পর্যাপ্ত এবং মনিটরিং অব্যাহত আছে। ১২.০১.২০২২ খ্রি. তারিখ পর্যন্ত ৫৩২ মে. টন ইউরিয়া, ২৩১ মে.টন টিএসপি, ২০১ মে.টন এমওপি এবং ২৩৩ মে. টন ডিএপি সার মজুদ রযেছে। ০৫। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে অনাবাদি পতিত জমি ও বসতবাড়ির আঙ্গিনায় পারিবারিক পুষ্টি বাগান স্থাপন প্রকল্পের আওতায় ধারাবাহিকভাবে প্রতিটি ইউনিয়নে ১০০ টি করে বসতবাড়িতে ১.৫ শতক জমিতে কালিকাপুর মডেল পারিবারিক সবজি পুষ্টি বাগান স্থাপন করতে হবে। মাননীয় প্রধানমন্ত্রী যে সকল গৃহহীনদের গৃহ দিয়েছেন তাদেরকে অগ্রাধিকার ভিত্তিতে পারিবারিক সবজি পুষ্টি বাগান স্থাপন প্রদর্শনী প্রদান করতে হবে। ০৬। রবি মৌসুমে অত্র উপজেলায় উৎপাদিত বাঁধাকপি উপজেলা কৃষি অফিসের সার্বিক সহযোগিতায় সিংগাপুর ও মালোয়েশিয়ায় রপ্তানি করা হচ্ছে। | বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি সন্তোষজনক। এ ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা কৃষি অফিসার, মেহেরপুর সদরকে অনুরোধ করা হল। **এ ছাড়াও উপজেলা পরিষদের সক্ষমতা বৃদ্ধিকল্পে নিয়মিত ব্যবধানে স্ট্যান্ডিং কমিটির সভার আয়োজন করতে হবে। সভার কার্যবিবরণী ০৩ কার্যদিবসের মধ্যে জারী করতে হবে।** |
| ০৪। **উপজেলা মৎস্য দপ্তর :**<br><br>সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, মেহেরপুর সদর সভায় জানান যে, পরিবেশবান্ধব লাগসই প্রযুক্তি চাষীদের মাঝে হস্তান্তরের নিমিত্ত নিয়মিত মৎস্যচাষীদের ১৮ টি পুকুর পরিদর্শন ও ১০ জনকে পরামর্শ প্রদান, প্রশিক্ষণ কার্যক্রম, ঋণ প্রদানে সহযোগিতা ছাড়াও হাট-বাজার পরিদর্শনসহ মৎস্য বিভাগীয় অন্যান্য কার্যক্রম যথারীতি চলমান আছে। | বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি সন্তোষজনক। এ ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। এ ছাড়াও উপজেলা **পরিষদের সক্ষমতা বৃদ্ধিকল্পে নিয়মিত ব্যবধানে স্ট্যান্ডিং কমিটির সভার আয়োজন করতে হবে। সভার কার্যবিবরণী ০৩ কার্যদিবসের মধ্যে জারী করতে হবে।** |

| | |
|---|---|
| ০৫। **উপজেলা প্রাণিসম্পদ দপ্তর :** উপজেলা প্রাণিসম্পদ অফিসার, মেহেরপুর সদর সভায় জানান যে, গবাদি পশু ও হাঁস-মুরগীর রোগ প্রতিরোধের লক্ষ্যে গবাদি পশুর ৭৭৮৮ টিকা ও হাঁস-মুরগীর ৮০০০০ মাত্রা টিকা প্রয়োগ করা হয়েছে। ২৮৪৮ টি গবাদি পশু ও ১৩৩৬৫ টি হাঁস-মুরগির চিকিৎসা প্রদান করা হয়েছে। উন্নত জাতের বকনা /এঁড়ে গরু তৈরী করার লক্ষ্যে ৭১৫ টি গাভীকে কৃত্রিম প্রজনন করা হয়।এছাড়াও টিকাবীজ ও কৃত্রিম প্রজনন ফিস বাবদ ৪২,৫৩০/- টাকা রাজস্ব আদায় হয়েছে। তাছাড়াও ১২ টি গবাদি পশু ও মুরগী খামার পরিদর্শন করা হয়েছে। | বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি সন্তোষজনক। এ ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা প্রাণিসম্পদ অফিসার, মেহেরপুর সদরকে অনুরোধ করা হল। **এ ছাড়াও উপজেলা পরিষদের সক্ষমতা বৃদ্ধিকল্পে নিয়মিত ব্যবধানে স্ট্যান্ডিং কমিটির সভার আয়োজন করতে হবে। সভার কার্যবিবরণী ০৩ কার্যদিবসের মধ্যে জারী করতে হবে।** |
| ০৬। **উপজেলা শিক্ষা দপ্তর:** উপজেলা শিক্ষা অফিসার, মেহেরপুর সদর সভায় জানান যে, শিশু জরিপ, ভর্তির সংখ্যা নিম্নরুপ ৫+১০+= বালিকা- ১৩১৭৫ জন বালক- ১২৩২০ জন, সর্বমোট- ২৫৪৯৫ জন। ভর্তিকৃত শিক্ষার্থীর সংখ্যা= ৫+১০=সর্বমোট ২৫৪৫৮ এর মধ্যে বালিকা ১৩১৫৯ জন এবং বালক ১২২৯৯ জন। ভর্তির হার = ৯৯.৮৫ %। ২০২২ শিক্ষাবর্ষের পাঠ্যপুস্তক বিতরণ ১ম - ৫ম শ্রেণির ছাত্র-ছাত্রীদের মাঝে ১০০% বিতরণ সম্পন্ন হয়েছে। শিখন শেখানো কার্যক্রমে ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণ সংক্রান্ত সকল প্রাথমিক বিদ্যালয়ে গত ০২/০৩/২০২২ ইং তারিখ থেকে সরাসরি শ্রেণি কক্ষে পাঠদান কার্যক্রম শুরু হয়েছে এবং ৯৫% শিক্ষার্থী শ্রেণি পাঠকার্যক্রমে অংশ গ্রহণ করেছে। সকল সহকারী শিক্ষকগণকে ১৩ তম গ্রেডে বেতন প্রদান করা হচ্ছে। বেতন প্রদানের হার ৯৯%। | বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি সন্তোষজনক। এ ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা শিক্ষা অফিসার, মেহেরপুর সদরকে অনুরোধ করা হলো। **এ ছাড়াও উপজেলা পরিষদের সক্ষমতা বৃদ্ধিকল্পে নিয়মিত ব্যবধানে স্ট্যান্ডিং কমিটির সভার আয়োজন করতে হবে। সভার কার্যবিবরণী ০৩ কার্যদিবসের মধ্যে জারী করতে হবে।** |
| ০৭। **উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তর :** উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মেহেরপুর সদর সভায় জানান যে, (০১) শ্রেণি পাঠদান কার্যক্রম চলছে। প্রতিষ্ঠান খোলা আছে। (০২) অনলাইন কার্যক্রম চলমান আছে। (০৩) এ্যাসাইনমেন্ট কার্যক্রম চালু আছে। (০৪) এনটিআরসি কর্তৃক সুপারিশকৃত শিক্ষকগণকে যোগদান কার্যক্রম শেষ হয়েছে। (০৫) শিক্ষা প্রতিষ্ঠানের নিয়মিত ম্যানেজিং কমিটি গঠনের কার্যক্রম চলছে। (০৬) সমন্বিত উপবৃত্তির ৬ষ্ঠ এবং একাদশ শ্রেণির উপবৃত্তির বাছাই এর এন্ট্রি চলছে। (০৭) ২০২২ বিনামূল্যে পাঠ্যপুস্তক প্রাপ্তির হার নিম্নরুপ : মাধ্যমিক: ৯০%, দাখিল: ১০০%, ইবতেদায়ী : ১০০% (প্রাপ্ত পাঠ্য পুস্তক বিতরণ করা হয়েছে)। (০৮) শীতকালীন খেলাধূলা শেষ হয়েছে। (০৯) ইউনিক আইডির কার্যক্রম চলমান আছে। (১০) ১৪ টি এমপিও আবেদন যথারীতি প্রেরণ করা হয়েছে। (১১) মাধ্যমিক বিদ্যালয়ের ০৩ টি প্রধান শিক্ষকের পদ শুন্য আছে। (১২) প্রতিষ্ঠান প্রধানদের সাতে একটি জুম মিটিং করা হয়েছে। (১৩) চাহিদাকৃত তথ্যাদি যথারীতি পাঠানো হচ্ছে। (১৪) এ কার্যালয়ের একজন কর্মকর্তা ও ৩য় শ্রেণির ০১ টি পদ খালি আছে। (১৫) পরিদর্শন কার্যক্রম চলমান আছে। (১৬) অন্যান্য কার্যক্রম যথারীতি চলমান আছে। | বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি সন্তোষজনক। এ ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মেহেরপুর সদরকে অনুরোধ করা হলো। **এ ছাড়াও উপজেলা পরিষদের সক্ষমতা বৃদ্ধিকল্পে নিয়মিত ব্যবধানে স্ট্যান্ডিং কমিটির সভার আয়োজন করতে হবে। সভার কার্যবিবরণী ০৩ কার্যদিবসের মধ্যে জারী করতে হবে।** |
| ০৮। **উপজেলা প্রকল্প বাস্তবায়ন ও ত্রাণ বিভাগ :** উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, মেহেরপুর সদর সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো টি.আর/ কাবিটা কর্মসূচির বরাদ্দ পাওয়া গিয়েছে। ক্ষেত্রমতে বিভাজন ও উপ-বরাদ্দ পাওয়া যায়নি। সেখান থেকে বিভাজন/ উপ-বরাদ্দ পাওয়া গেলে জরুরী ভিত্তিতে তা বাস্তবায়ন করা হবে। | বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি সন্তোষজনক। এ ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মেহেরপুর সদরকে অনুরোধ করা হল। **এ ছাড়াও উপজেলা পরিষদের সক্ষমতা বৃদ্ধিকল্পে নিয়মিত ব্যবধানে স্ট্যান্ডিং কমিটির সভার আয়োজন করতে হবে। সভার কার্যবিবরণী ০৩ কার্যদিবসের মধ্যে জারী করতে হবে।** |

| | |
|---|---|
| ০৯। **উপজেলা পল্লী উন্নয়ন দপ্তর :**<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, সাংগঠনিক ও ঋণদান কার্যক্রম (মূল ও প্রকল্পসমূহ) যথারীতি চলছে। একই সাথে অংশীদারিত্বমূলক পল্লী উন্নয়ন প্রকল্প (পিআরডিপি)- ৩ এর কার্যক্রম সহ অন্যান্য বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি সন্তোষজনক। এ ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মেহেরপুর সদরকে অনুরোধ করা হল। এ ছাড়াও উপজেলা পরিষদের সক্ষমতা বৃদ্ধিকল্পে নিয়মিত ব্যবধানে স্ট্যান্ডিং কমিটির সভার আয়োজন করতে হবে। সভার কার্যবিবরণী ০৩ কার্যদিবসের মধ্যে জারী করতে হবে। |
| ১০। **উপজেলা সমবায় দপ্তর :**<br>উপজেলা সমবায় অফিসার, মেহেরপুর সদর সভায় জানান যে, মোট সমিতির সংখ্যা- ১৩৮ টি, (প্রাথমিক সমিতি ১৩৪ টি ও কেন্দ্রিয় সমিতি ০৪ টি) অডিট কার্যক্রম যথাযথভাবে চলছে। সমবায় উন্নয়ন তহবিল ধার্য্য আছে। ঋণ আদায় কার্যক্রম যথারীতি চলছে। আশ্রয়ণ প্রকল্পের কার্যক্রম যথারীতি পরিদর্শন করা হচ্ছে। ঋণ আদায়ের শতকরা হার ৯৬% । | বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি সন্তোষজনক। এ ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা সমবায় অফিসার, মেহেরপুর সদরকে অনুরোধ করা হল। এ ছাড়াও উপজেলা পরিষদের সক্ষমতা বৃদ্ধিকল্পে নিয়মিত ব্যবধানে স্ট্যান্ডিং কমিটির সভার আয়োজন করতে হবে। সভার কার্যবিবরণী ০৩ কার্যদিবসের মধ্যে জারী করতে হবে। |
| ১১। **উপজেলা যুব উন্নয়ন দপ্তর :**<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মেহেরপুর সদর জানান যে, চলমান মাসে কিস্তি আদায়যোগ্য- ৩,২২,৫২৫/- টাকা। চলমান মাসে কিস্তি আদায়কৃত ২,৯৭,৫২৫ টাকা। ক্রমপুঞ্জিত ঋণ আদায়ের হার ৯৮% চলতি মাসে প্রশিক্ষণ গ্রহণকারী সংখ্যা ৩৬০ জন মহিলা। অন্যান্য কার্যক্রম ভালভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি সন্তোষজনক। এ ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মেহেরপুর সদরকে অনুরোধ করা হল। এ ছাড়াও উপজেলা পরিষদের সক্ষমতা বৃদ্ধিকল্পে নিয়মিত ব্যবধানে স্ট্যান্ডিং কমিটির সভার আয়োজন করতে হবে। সভার কার্যবিবরণী ০৩ কার্যদিবসের মধ্যে জারী করতে হবে। |
| ১২। **উপজেলা সমাজসেবা দপ্তর :**<br>উপজেলা সমাজসেবা অফিসার, মেহেরপুর সদর জানান যে, গত মাসে ক্ষুদ্রঋণ আদায় কার্যক্রম ৩,৮৭,২০০/-, ভাতা ১। পেরোল রিকন্সিলিয়েশন সমাধান ১২১ টি। ২। অনগ্রসর জনগোষ্ঠীর বিশেষ ভাতা ০৬ (ছয়) মাসের পেরোল প্রদান। ৩। অনগ্রসর জনগোষ্ঠীর শিক্ষা উপবৃত্তির ০৬ (ছয়) মাসের পেরোল প্রদান। এবং প্রতিবন্ধী জরীপ- ৪২। | বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি সন্তোষজনক। এ ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা সমাজসেবা অফিসার, মেহেরপুর সদরকে অনুরোধ করা হল। এ ছাড়াও উপজেলা পরিষদের সক্ষমতা বৃদ্ধিকল্পে নিয়মিত ব্যবধানে স্ট্যান্ডিং কমিটির সভার আয়োজন করতে হবে। সভার কার্যবিবরণী ০৩ কার্যদিবসের মধ্যে জারী করতে হবে। |
| ১৩। **উপজেলা মহিলা বিষয়ক দপ্তর :**<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মেহেরপুর সদরের নিকট থেকে তাদের কার্যক্রমের অগ্রগতির কোন প্রতিবেদন পাওয়া যায়নি। | বিভাগীয় কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন দাখিল করার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মেহেরপুর সদরকে অনুরোধ করা হয়। এ ছাড়াও উপজেলা পরিষদের সক্ষমতা বৃদ্ধিকল্পে নিয়মিত ব্যবধানে স্ট্যান্ডিং কমিটির সভার আয়োজন করতে হবে। সভার কার্যবিবরণী ০৩ কার্যদিবসের মধ্যে জারী করতে হবে। |
| ১৪। **স্থানীয় সরকার প্রকৌশল বিভাগঃ**<br>উপজেলা প্রকৌশলী, মেহেরপুর সদর, সভায় জানান যে, অত্র উপজেলায় PEDP-4, NBIDGPS-1 এবং NBIDNNGPS-1 প্রকল্পের আওতায় ২৪ টি প্রাথমিক বিদ্যালয়ে নতুন ভবন নির্মাণ/আনুভূমিক সম্প্রসারণ/ উর্দ্ধমূখি সম্প্রসারণ কাজ এবং ১৪ টি বিদ্যালয়ের সীমানা প্রাচীর সহ গেট নির্মাণ কাজ চলমান আছে। | বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি সন্তোষজনক। এধারা অব্যাহত রাখার জন্য উপজেলা প্রকৌশলী, মেহেরপুর সদর কে অনুরোধ করা হয়। এ ছাড়াও উপজেলা পরিষদের সক্ষমতা বৃদ্ধিকল্পে নিয়মিত ব্যবধানে স্ট্যান্ডিং কমিটির সভার আয়োজন করতে হবে। সভার কার্যবিবরণী ০৩ কার্যদিবসের মধ্যে জারী করতে হবে। |
| ১৫। **উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ :**<br>উপ সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মেহেরপুর সদর, সভায় জানান যে, ২০২০-২০২১ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় ০৫ টি প্রকল্পের মধ্যে অগ্রাধিকারমূলক গ্রামীণ পানি সরবরাহ ও পল্লী অঞ্চলে পানি সরবরাহ প্রকল্পের কাজ ১০০% ভাগ সম্পন্ন হয়েছে। NNGPS প্রকল্পের কাজ ১০০% সম্পন্ন হয়েছে। আর NBIDNNGPS & NBIDGPS প্রকল্পের কাজ ৭৫% সম্পন্ন হয়েছে। চলতি বছরের কাজ সমূহের টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন হয়েছে। | বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি সন্তোষজনক। এ ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী, মেহেরপুর সদর কে অনুরোধ করা হয়। এ ছাড়াও উপজেলা পরিষদের সক্ষমতা বৃদ্ধিকল্পে নিয়মিত ব্যবধানে স্ট্যান্ডিং কমিটির সভার আয়োজন করতে হবে। সভার কার্যবিবরণী ০৩ কার্যদিবসের মধ্যে জারী করতে হবে। |

| | |
|---|---|
| ১৬। **ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন, নার্সারী ও প্রশিক্ষণ কেন্দ্রঃ**<br><br>ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন, নার্সারী ও প্রশিক্ষণ কেন্দ্র, মেহেরপুর সদরের নিকট থেকে তাদের কার্যক্রমের অগ্রগতির কোন প্রতিবেদন পাওয়া যায়নি। | বিভাগীয় কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন দাখিল করার জন্য ভারপ্রাপ্ত কর্মকর্তা, মেহেরপুর এসএফএনটিসিএফ কে অনুরোধ করা হয়। এ ছাড়াও উপজেলা পরিষদের সক্ষমতা বৃদ্ধিকল্পে নিয়মিত ব্যবধানে স্ট্যান্ডিং কমিটির সভার আয়োজন করতে হবে। সভার কার্যবিবরণী ০৩ কার্যদিবসের মধ্যে জারী করতে হবে। |

৫.০১ **অন্যান্য বিভাগ সমূহের কার্যাবলী :**

| | |
|---|---|
| ০১। **আমার বাড়ি আমার খামার প্রকল্প (পল্লী সঞ্চয় ব্যাংক) :**<br><br>উপজেলা সমন্বয়কারী ও শাখা ব্যবস্থাপক (সিনিয়র অফিসার) আমার বাড়ি আমার খামার প্রকল্প (পল্লী সঞ্চয় ব্যাংক), মেহেরপুর সদর, সভায় জানান যে, মাসে ঋন বিতরণের লক্ষমাত্রা ৮৩.৭৮, মাসে ঋন বিতরণ ৮৪.০০, মাসে ঋন বিতরণের হার ১০০%, ২০২১-২০২২ অর্থ বছরে ঋন বিতরণের লক্ষ্যমাত্রা ১০০৫.৪১, বছরে ঋন বিতরণ ৬২৪.৮২, লক্ষ্যমাত্রা বিপরীতে বছরের বিতরণের হার ৬২%, ক্রমপুঞ্জিত বিতরণ ৩০৪৬.৬, মাসে আদায় যোগ্য ঋন ৮৩.৭৮, মাসে ঋণ আদায় ৯০.০০, মাসে আদায়ের হার ১০৭%, বছরে আদায় যোগ্য ঋন ১০০৫.৪১, বছরে আদায় ৬১৯.৭৫ বছরে আদায় ৬২%, ক্রপপুঞ্জিত আদায় ৩১১৫.৮৫, চলতি বকেয়া ১৪১৩.২১, বকেয়া খেলাপী ৩০৬.৯৪, মোট বকেয়া ১৭২০.১৫ | বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি সন্তোষজনক। এ ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, মেহেরপুর সদর কে অনুরোধ করা হয়। এ ছাড়াও উপজেলা পরিষদের সক্ষমতা বৃদ্ধিকল্পে নিয়মিত ব্যবধানে স্ট্যান্ডিং কমিটির সভার আয়োজন করতে হবে। সভার কার্যবিবরণী ০৩ কার্যদিবসের মধ্যে জারী করতে হবে। |
| ০২। **তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়) :**<br><br>উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়), মেহেরপুর সদরের নিকট থেকে তাদের কার্যক্রমের অগ্রগতির কোন প্রতিবেদন পাওয়া যায়নি। | বিভাগীয় কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন দাখিল করার জন্য উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়), মেহেরপুর সদর কে অনুরোধ করা হয়। এ ছাড়াও উপজেলা পরিষদের সক্ষমতা বৃদ্ধিকল্পে নিয়মিত ব্যবধানে স্ট্যান্ডিং কমিটির সভার আয়োজন করতে হবে। সভার কার্যবিবরণী ০৩ কার্যদিবসের মধ্যে জারী করতে হবে। |

৫.০১ **বিবিধঃ**

**(ক) উপজেলা পরিষদের হাট-বাজার ইজারা সংক্রান্ত :**

মেহেরপুর সদর উপজেলা পরিষদের নিয়ন্ত্রণাধীন ৫টি ইউনিয়নের ২০ টি হাট-বাজারসমূহ ১৪২৯ বঙ্গাব্দে ইজারা প্রদানের নিমিত্ত দৈনিক মেহেরপুর প্রতিদিন পত্রিকায় গত ১৬/০২/২০২২ খ্রি. তারিখ দরপত্র আহ্বান করা হয়। দরপত্র দাখিলের প্রথম ধার্য তারিখে ২০ টি হাট-বাজারের মধ্যে ১৬ টি এবং ২য় ধার্য তারিখে ১ টি সহ মোট ১৭ টি হাটের বিপরীতে ৪৮ টি দরপত্র জমা পাওয়া যায়। দরপত্রসমূহ পরীক্ষান্তে দেখা যায়, ০৩ টি হাট যথাক্রমে: (১) আমদহ (২) টেংরামারী (৩) নতুন দরবেশপুর এর অনুকূলে কোন দরপত্র দাখিল হয়নি। নিম্নে উল্লিখিত ১৭ টি হাট-বাজার এর দরদাতাগণ সর্বোচ্চ দর দাখিল করেন। কাঙ্ক্ষিত মূল্য/সরকারি মূল্যের চেয়ে দাখিলকৃত দর বেশি হওয়ায় দরপত্র মূল্যায়ন কমিটি দরদাতাগণের অনুকূলে নিম্নলিখিত হাট-বাজার ইজারা দেয়ার সুপারিশ করেন। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

**ইউনিয়ন : কুতুবপুর**

| ক্রম | হাটের নাম | দরদাতার নাম ও ঠিকানা | সরকারি মূল্য | দাখিলকৃত দর |
|---|---|---|---|---|
| ০১ | কুলবাড়ীয়া হাট | মোঃ আঃ হান্নান, পিতা- মৃত রয়িজ উদ্দিন<br>হোটেল বাজার, মেহেরপুর | ৪৫,৫৮০/- | ৬৫,২৫০/- |
| ০২ | উজলপুর হাট | মোঃ আঃ হান্নান, পিতা- মৃত রয়িজ উদ্দিন<br>হোটেল বাজার, মেহেরপুর | ১০,৪৬০/- | ১৫,০০০/- |
| ০৩ | শোলমারী হাট | মোঃ জাহাঙ্গীর আলম, পিতা- মোঃ আব্দুল হান্নান<br>গ্রাম- উজলপুর, মেহেরপুর | ২৩,৪৯৬/- | ২৬,০০০/- |

**ইউনিয়ন : বুড়িপোতা**

| ক্রম | হাটের নাম | দরদাতার নাম ও ঠিকানা | সরকারি মূল্য | দাখিলকৃত দর |
|---|---|---|---|---|
| ০৪ | বুড়িপোতা হাট | বাবুর আলী, পিতা- মৃত হামেজ উদ্দীন<br>গ্রাম- বাড়িবাঁকা, উপজেলা ও জেলা- মেহেরপুর | ১,৯৪৬/- | ২,০০০/- |
| ০৫ | শালিকা হাট | ফুল চাঁদ মোল্লা, পিতা- মৃত আরশাদ মোল্লা<br>গ্রাম- শালিকা, উপজেলা ও জেলা- মেহেরপুর | ৮,৯৪৪/- | ১০,০০০/- |
| ০৬ | বাড়ীবাঁকা হাট | বাবুর আলী, পিতা- মৃত হামেজ উদ্দীন<br>গ্রাম- বাড়িবাঁকা, উপজেলা ও জেলা- মেহেরপুর | ১,২৮৪/- | ১,৫০০/- |

**ইউনিয়ন : আমঝুপি**

| ক্রম | হাটের নাম | দরদাতার নাম ও ঠিকানা | সরকারি মূল্য | দাখিলকৃত দর |
|---|---|---|---|---|
| ০৭ | আমঝুপি হাট | কামাল হোসেন, পিতা- মৃত হযরত আলী বিশ্বাস<br>হোটেল বাজার, উপজেলা ও জেলা- মেহেরপুর | ৩,৭৫,৪৫২/- | ৬,৬০,৭৫০/- |
| ০৮ | খোকসা হাট | মো: তারিকুল ইসলাম, পিতা- মো: সোহরাব খান<br>গ্রাম- খোকসা, উপজেলা ও জেলা- মেহেরপুর | ৩,৪১১/- | ৫,০০০/- |

**ইউনিয়ন : শ্যামপুর**

| ক্রম | হাটের নাম | দরদাতার নাম ও ঠিকানা | সরকারি মূল্য | দাখিলকৃত দর |
|---|---|---|---|---|
| ০৯ | শ্যামপুর হাট | কামাল হোসেন, পিতা- মৃত হযরত আলী বিশ্বাস<br>হোটেল বাজার, উপজেলা ও জেলা- মেহেরপুর | ৭১,৯৪০/- | ১,২৬,৯৮৫/- |
| ১০ | নতুন মদনাডাঙ্গা হাট | মো: সাইফুল ইসলাম, পিতা- মৃত নাসির উদ্দিন খান<br>হোটেল বাজার, মেহেরপুর | ৪৬,০২০/- | ৬৫,৫০০/- |

**ইউনিয়ন : আমদহ**

| ক্রম | হাটের নাম | দরদাতার নাম ও ঠিকানা | সরকারি মূল্য | দাখিলকৃত দর |
|---|---|---|---|---|
| ১১ | আশরাফপুর হাট | মো: আকাশ মিয়া, পিতা- মোঃ হাফিজুল ইসলাম<br>গ্রাম- আশরাফপুর, উপজেলা ও জেলা- মেহেরপুর | ২৯,৮৪৫/- | ৪৬,৭০০/- |
| ১২ | চকশ্যামনগর হাট | মো: সাইফুল ইসলাম, পিতা- মৃত নাসির উদ্দিন খান<br>হোটেল বাজার, মেহেরপুর | ২০,৫৩৮/- | ২৩,২৭৫/- |

**ইউনিয়ন : পিরোজপুর**

| ক্রম | হাটের নাম | দরদাতার নাম ও ঠিকানা | সরকারি মূল্য | দাখিলকৃত দর |
|---|---|---|---|---|
| ১৩ | বলিয়ারপুর হাট | মো: সেলিম রেজা, পিতা- মো: জসিম উদ্দিন<br>গ্রাম-বলিয়ারপুর, উপজেলা ও জেলা- মেহেরপুর | ৪২,৪৭২/- | ৯৬,০০০/- |
| ১৪ | পিরোজপুর হাট | সমির কুমার দাস, পিতা- সুধীর দাস<br>গ্রাম- গহরপুর, উপজেলা ও জেলা- মেহেরপুর | ২৫,০২৭/- | ৪৫,০০০/- |
| ১৫ | কাঁঠালপোতা হাট | মো: মুসাদ আলী, পিতা- মৃত আরজ আলী<br>গ্রাম- নুরপুর, উপজেলা ও জেলা- মেহেরপুর | ৪৮,২৩০/- | ৬০,৫০০/- |
| ১৬ | নুরপুর পানের হাট | মো: শাকবার আলী, পিতা- মৃত ফিকির শেখ<br>গ্রাম- নুরপুর, উপজেলা ও জেলা- মেহেরপুর | ১,৬২,১৮০/- | ১,৯৯,৫০০/- |

**ইউনিয়ন : বারাদি**

| ক্রম | হাটের নাম | দরদাতার নাম ও ঠিকানা | সরকারি মূল্য | দাখিলকৃত দর |
|---|---|---|---|---|
| ১৭ | বারাদী হাট | মোঃ সাজেদুর রহমান, পিতা- মৃত আয়ুব আলী<br>গ্রাম-গহরপুর, উপজেলা ও জেলা- মেহেরপুর | ৯,০২,৯০৮/- | ৪৭,০০,০০০/- |

**সিদ্ধান্তসমূহ:-** ১। মেহেরপুর সদর উপজেলা পরিষদের নিয়ন্ত্রণাধীন হাট-বাজারসমূহের মধ্যে উল্লিখিত ১৭ টি হাট-বাজার দরপত্র মূল্যায়ন কমিটির সুপারিশ মোতাবেক ১৪২৯ বঙ্গাব্দ (এক) বছরের জন্য সর্বোচ্চ দরদাতাদের অনুকূলে ইজারা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। ২। সর্বমোট ০৩ টি হাট যথাক্রমে: (১) আমদহ (২) টেংরামারী (৩) নতুন দরবেশপুর হাট বিধি মোতাবেক খাস আদায় করার সিদ্ধান্ত গৃহীত হয়।

**(খ) উপজেলা পরিষদের ফলকর ইজারা সংক্রান্ত :**

মেহেরপুর সদর উপজেলা পরিষদের অভ্যন্তরের ফলকর (আম-০২ হতে ১৩ ও লিচু ১ হতে ৪০) মোট ৫২ টি বাংলা ১৪২৮-১৪২৯ সনে ইজারা দেয়ার জন্য দৈনিক মেহেরপুর প্রতিদিন পত্রিকায় গত ২১/০২/২০২২ খ্রি. তারিখে দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। দরপত্র দাখিলের ১ম ধার্য তারিখে ১টি দরপত্র জমা পাওয়া যায়। নিম্নে উল্লেখিত দরদাতা ৫৮,০০০/= (আটান্ন) হাজার টাকা দর দাখিল করেন। কাঙ্খিত মূল্য/সরকারি মূল্যের চেয়ে দাখিলকৃত দর বেশি হওয়ায় দরপত্র মূল্যায়ন কমিটি দরদাতার অনুকূলে ফলকর ইজারা দেয়ার সুপারিশ করেন। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

| ক্র নং | ফলকরের নাম | সর্বোচ্চ দরদাতার নাম ও ঠিকানা | দাখিলকৃত সর্বোচ্চ দর |
|---|---|---|---|
| ০১ | আম ও লিচু | কাজল মির, পিতা- মনির মির, গ্রাম- ঘোষ পাড়া, মেহেরপুর পৌরসভা, মেহেরপুর। | ৫৮,০০০ (আটান্ন হাজার) টাকা |

সিদ্ধান্তঃ মেহেরপুর সদর উপজেলা পরিষদের অভ্যন্তরের ফলকর বাংলা ১৪২৮-১৪২৯ সনের জন্য সর্বোচ্চ দরদাতা কাজল মির, পিতা- মনির মির, গ্রাম-ঘোষ পাড়া, মেহেরপুর পৌরসভা, মেহেরপুর এর অনুকূলে ৫৮,০০০/- (আটান্ন হাজার) টাকায় সর্বসম্মতিক্রমে ইজারা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

**(গ) স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস- ২০২২ (২৬ মার্চ, ২০২২) যথাযোগ্য মর্যাদায় জাঁকজমকপূর্ণভাবে উদযাপনের লক্ষ্যে ২০২১-২০২২ অর্থবছরে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে অতিরিক্ত অর্থ অনুমোদন প্রাপ্ত ১,০০,০০০/- টাকা ব্যয় সংক্রান্ত :**

সভায় বলা হয় যে, সদর উপজেলা সাধারণত জেলা প্রশাসনের সাথে সম্পৃক্ত থেকে জাতীয় দিবস উদযাপন করে থাকে। এ প্রসঙ্গে সভায় বিস্তারিতভাবে উল্লেখ করা হয় যে, স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস- ২০২২ (২৬ মার্চ, ২০২২) যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগের গত ০৮ মার্চ ২০২২ খ্রিস্টাব্দ তারিখের ৪৬.০০.০০০০.০৪৫.১৮.১৯৩.২২-১৪৬ নং স্মারকে ২০২১-২০২২ অর্থবছরে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে অতিরিক্ত ১,০০,০০০/- টাকা ব্যয় করার বিষয়ে অনুমতি প্রদান করা হয়েছে। সভায় জেলা প্রশাসনের সাথে সদর উপজেলা সম্পৃক্ত থেকে দিবস উদযাপনের জন্য ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা ব্যয় করার বিষয়ে সভায় উপস্থিত সকল সদস্যগণ মতামত ব্যক্ত করেন।

সিদ্ধান্ত : আলোচনামতে স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস- ২০২২ (২৬ মার্চ, ২০২২) যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে অতিরিক্ত ১,০০,০০০/- টাকা ব্যয় করার জন্য জেলা প্রশাসনের সাথে সমন্বিত ভাবে উদযাপনের জন্য ১,০০,০০০/- (এক লক্ষ) টাকার চেক প্রেরণ করার বিষয়ে সদস্যগণ সম্মতি জ্ঞাপন করেন।

**(ঘ) বারাদী জিসি - মহাজনপুর জিসি সড়কে (সদর অংশ) চেইঃ ২৪৩৮মিঃ এ বিদ্যমান ৩০.৬০মিঃ দীর্ঘ ঝুকিপূর্ণ ব্রীজের উদ্ধারকৃত পুরাতন মালামাল নিলামে বিক্রয় প্রসঙ্গেঃ**

উপজেলা প্রকৌশলী, মেহেরপুর সদর, সভায় জানান যে, মেহেরপুর সদর উপজেলাধীন বারাদী জিসি - মহাজনপুর জিসি সড়কে (সদর অংশ) চেইঃ ২৪৩৮মিঃ এ বিদ্যামান ৩০.৬০ মিঃ দীর্ঘ ঝুকিপূর্ণ ব্রীজ অপসারণ করে তদস্থলে SupRB প্রকল্পের আওতায় ৬০.০৫ মিঃ দীর্ঘ RCC Girder Bridge নির্মানের লক্ষে প্রকল্প পরিচালক মহোদয় ডিজাইন ও প্রাক্কলন অনুমোদন করে প্রেরণ করেন এবং উক্ত Girder Bridge টি নির্মানের জন্য নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, মেহেরপুর মহোদয় কর্তৃক দরপত্র আহ্বান করে ঠিকাদার নির্বাচন কার্যক্রম সম্পন্ন করেছেন। সে মোতাবেক উক্ত ৩০.৬০ মিঃ দীর্ঘ ঝুকিপূর্ণ ব্রীজটির উদ্ধারকৃত পুরাতন মালামাল নিলামে বিক্রয়ের উদ্দেশ্যে ৯৫০০০.০০ (পঁচানব্বই হাজার) টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। যা এ সভায় অনুমোদন সহ ঝুকিপূর্ণ ব্রীজটির উদ্ধারকৃত পুরাতন মালামাল নিলামে বিক্রয়ের ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণের জন্য তিনি প্রস্তাব রাখেন।

সিদ্ধান্তঃ মেহেরপুর সদর উপজেলাধীন বারাদী জিসি - মহাহজনপুর জিসি সড়কে (সদর অংশ) চেইঃ ২৪৩৮মিঃ এ বিদ্যমান ৩০.৬০ মিঃ দীর্ঘ ঝুকিপূর্ণ ব্রীজের উদ্ধারকৃত পুরাতন মালামাল নিলামে বিক্রয়ের উদ্দেশ্যে প্রস্তুতকৃত ৯৫,০০০.০০ (পঁচানব্বই হাজার) টাকার প্রাক্কলন যথাযথ বিবেচিত হওয়ায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় এবং ঝুকিপূর্ণ ব্রীজটির উদ্ধারকৃত পুরাতন মালামাল উপজেলা নিলাম কমিটির মাধ্যমে প্রকাশ্য নিলামে বিক্রয়ের সিদ্ধান্ত গৃহিত হলো। এ ব্যপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী ও উপজেলা নির্বাহী অফিসার, মেহেরপুর সদর কে অনুরোধ করা হয়।

(ঙ) আইডি বিহীন সড়কের আইডি নম্বর সহ ইনভেন্টরী করে গেজেটে প্রকাশ প্রসঙ্গেঃ

উপজেলা প্রকৌশলী, মেহেরপুর সদর সভায় জানান যে, ২০১৭ সালে প্রকাশিত গেজেটে নিম্নেবর্ণিত ২৭(সাতাশ) টি রাস্তা ইনভেন্টরীর অর্ন্তভূক্ত না হওয়ায় রাষ্ট্রীয় প্রয়োজনে সড়কগুলি ইনভেন্টরীতে এলজিইডি, মেহেরপুর এর আওতায় আইডি নম্বরসহ ইনভেন্টরী করে গেজেট প্রকাশ পূর্বক স্থানীয় সরকার বিভাগের উন্নয়ন- ২ শাখার ০৭/০৬/২০১৬ তারিখের ৭৭৬ নং স্মারকের নির্দেশনা মোতাবেক পাকা করনের উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন। গেজেটে অন্তর্ভূক্ত না হওয়ায় সড়কগুলো উন্নয়ন করা যাচ্ছে না। সে কারনে সড়কগুলো আইডি ভূক্তকরণ সহ ইনভেন্টরী করে গেজেট প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য তিনি এ সভায় প্রস্তাব রাখেন।

সড়কের তালিকা

| ক্রমিক নং | সড়কের আইডি | সড়কের শ্রেণী | সড়কের নাম ও চেইনেজ | সড়কের মোট দৈর্ঘ্য (কিঃমিঃ) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১. | - | গ্রামীণ সড়ক-বি | রাজাপুর সিদ্দিকের বাড়ি - কাশেমের বাড়ি সড়ক, চেই: ০০ - ৪০৬মিঃ | ০.৪০৬ | গেজেটে নতুন অন্তর্ভূক্ত করার প্রস্তাব |
| ০২. | - | গ্রামীণ সড়ক-বি | রাজাপুর দাউদের বাড়ি - শোমসের এর বাড়ি ভায়া জমির মাষ্টারের বাড়ি সড়ক, চেই: ০০ - ২০০মিঃ | ০.২০০ | ঐ |
| ০৩. | - | গ্রামীণ সড়ক-বি | বাড়িবাকা ফজলুল হকের বাড়ি - ঈদগাহ সড়ক, চেই: ০০ - ২৬১মিঃ | ০.২৬১ | ঐ |
| ০৪. | - | গ্রামীণ সড়ক-বি | উজলপুর সাদালির বাড়ি - আজিজুলের বাড়ি ভায়া নাজমুলের বাড়ি সড়ক, চেই: ০০ - ৮৮৫মিঃ | ০.৮৮৫ | ঐ |
| ০৫. | - | গ্রামীণ সড়ক-বি | বলিয়ারপুর দর্গাতলা ব্রীজ - ছুটিপুর কুলসুম মোড় সড়ক, চেই: ০০ - ৯০০মিঃ | ০.৯০০ | ঐ |
| ০৬. | - | গ্রামীণ সড়ক-বি | খাঁনপাড়া ঈদগাহের নিকট শাহিনের পুকুরের নিকট - বেড়পাড়া সড়ক, চেই: ০০ - ৬৭০মিঃ | ০.৬৭০ | ঐ |
| ০৭. | - | গ্রামীণ সড়ক-বি | চকশ্যামনগর বিসি সড়ক বাদশাহ এর জমি - মহনের জমি সড়ক, চেই: ০০ - ১০০০মিঃ | ১.০০০ | ঐ |
| ০৮. | - | গ্রামীণ সড়ক-বি | চকশ্যামনগর বিসি সড়ক জিন্নাতের জমি - ইসাহকের জমি সড়ক, চেই: ০০ - ১১২৫মিঃ | ১.১২৫ | ঐ |
| ০৯. | - | গ্রামীণ সড়ক-বি | শালিকা দক্ষিণপাড়া বিল্লালের বাড়ি - নজরুলের বাড়ি সড়ক, চেই: ০০ - ৪৫০মঃ | ০.৪৫০ | ঐ |
| ১০. | - | গ্রামীণ সড়ক-বি | শ্যামপুর মোনাজাতের মোড় - সিরাজের মোড় সড়ক, চেই: ০০ - ১১০০মিঃ | ১.১০০ | ঐ |
| ১১. | - | গ্রামীণ সড়ক-বি | শ্যামপুর বাজার উত্তরপাড়া মসজিদ - কামারপাড়া মোড় সড়ক, চেই: ০০ - ৬৫০মিঃ | ০.৬৫০ | ঐ |
| ১২. | - | গ্রামীণ সড়ক-বি | ইসলামপুর বিসি সড়ক - কবরস্থান ভায়া প্রাথমিক বিদ্যালয় সড়ক, চেই: ০০ - ১১০০মিঃ | ১.১০০ | ঐ |
| ১৩. | - | গ্রামীণ সড়ক-বি | চাঁদপুর শিশিরপাড়া গ্রামীণ সড়ক, চেই: ০০ - ১৫০০মিঃ | ১.৫০০ | ঐ |
| ১৪. | - | গ্রামীণ সড়ক-বি | সুবিদপুর উত্তরপাড়া বকুলের বাড়ি - তেঁতুলতলা মাঠ সড়ক, চেই: ০০ - ১০০০মিঃ | ১.০০০ | ঐ |
| ১৫. | - | গ্রামীণ সড়ক-বি | রাজনগর দক্ষিণপাড়া আরএইচডি - শেখপাড়া গোলামনবী সড়ক, চেই: ০০ - ১৩০০মিঃ | ১.৩০০ | ঐ |
| ১৬. | - | গ্রামীণ সড়ক-বি | রাজনগর দক্ষিণপাড়া আরএইচডি - স্লুইজগেট ভায়া আরএইচডি সড়ক, চেই: ০০ - ৬০০মিঃ | ০.৬০০ | ঐ |
| ১৭. | - | গ্রামীণ সড়ক-বি | কুলবাড়িয়া হাইস্কুল - জোড়াতলা মাঠ সড়ক, চেই: ০০ - ২৪০০মিঃ | ২.৪০০ | ঐ |
| ১৮. | - | গ্রামীণ সড়ক-বি | শ্যামপুর রেড ক্রিসেন্ট মোড় - শ্যামপুর প্রাথমিক বিদ্যালয় সড়ক, চেই: ০০ - ১০০০মিঃ | ১.০০০ | ঐ |
| ১৯. | - | গ্রামীণ সড়ক-বি | শ্যামপুর বাজার - কলোনীপাড়া জামে মসজিদ সড়ক, চেই: ০০ - ৫০০মিঃ | ০.৫০০ | ঐ |
| ২০. | - | গ্রামীণ সড়ক-বি | শ্যামপুর বাজার সাদের মোড - মল্লিকপাড়া মোড় সড়ক, চেই: ০০ - ১০০০মিঃ | ১.০০০ | ঐ |
| ২১. | - | গ্রামীণ সড়ক-বি | সাহেবপুর জামে মসজিদ - বিসি সড়ক ভায়া ফজলুর বাড়ি সড়ক, চেই: ০০ - ২৫০মিঃ | ০.২৫০ | ঐ |
| ২২. | - | গ্রামীণ সড়ক-বি | শিবপুর ঈদগাহ - নিশ্চিন্তপুর সড়ক, চেই: ০০ - ৪০০মিঃ | ০.৪০০ | ঐ |

| ক্রমিক নং | সড়কের আইডি | সড়কের শ্রেণী | সড়কের নাম ও চেইনেজ | সড়কের মোট দৈর্ঘ্য (কিঃমিঃ) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ২৩. | - | গ্রামীণ সড়ক-বি | পাটকেলপোতা জামে মসজিদ - পাটাপোকা সড়ক, চেই: ০০ - ২৬০মিঃ | ০.২৬০ | ঐ |
| ২৪. | - | গ্রামীণ সড়ক-বি | নূরপুর পুরাতন মসজিদ - পিরোজপুর খাজা ডা. দোকান সড়ক, চেই: ০০ - ১৮৬০মিঃ | ১.৮৬০ | ঐ |
| ২৫. | - | গ্রামীণ সড়ক-বি | শ্যামপুর নীলমনি পাড়া - শেখপাড়া ভায়া মিরপাড়া সড়ক, চেই: ০০ - ১০০০মিঃ | ১.০০০ | ঐ |
| ২৬. | - | গ্রামীণ সড়ক-বি | শ্যামপুর বজার রশিদ ডা. মোড় - কলোনীপাড়া ভায়া মিরপাড়া সড়ক, চেই: ০০ - ১২০০মিঃ | ১.২০০ | ঐ |
| ২৭. | - | গ্রামীণ সড়ক-বি | শ্যামনগর বাজার ফজলু মার্কেট - কলোনীপাড়া বাদশা বাড়ি সড়ক, চেই: ০০ - ৫০০মিঃ | ০.৫০০ | ঐ |

**সিদ্ধান্তঃ** উপরোক্ত আলোচনা এবং তথ্য উপাত্তের ভিত্তিতে রাষ্ট্রীয় প্রয়োজনে এবং জনস্বার্থে সড়কগুলি বিশেষ বিবেচনায় ইনভেন্টরীতে এলজিইডি, মেহেরপুর এর আওতায় নতুন করে আইডি নম্বর সহ গেজেট প্রকাশ পূর্বক পাকা করনের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হলো। এব্যাপারে মন্ত্রণালয়ের বিবেচনার নিমিত্ত জেলা পর্যায়ে গঠিত কমিটির সুপারিশ/মতামতের জন্য প্রয়োজনীয় কাগজপত্রাদী সহ প্রস্তাব প্রেরণের জন্য উপজেলা প্রকৌশলী, মেহেরপুর সদর কে অনুরোধ করা হয়।

(চ) **ভ্রমণ বিল সংক্রান্ত :**

চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেহেরপুর সদর, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানের ফেব্রুয়ারি- ২০২২ মাসের ভ্রমণ বিল দাখিল করেছেন। উক্ত ভ্রমণ বিল অনুমোদনের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।

(ছ) **উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের ০১/০২/২০২২ হতে ২৮/০২/২০২২ পর্যন্ত ব্যয় বিবরণী:**

| ক্রম | ব্যয়ের খাত | টাকার পরিমাণ |
|---|---|---|
| ০১ | উপজেলা পরিষদের চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানগণের সম্মানী জানুয়ারি- ২০২২ | ৯৯,০০০/- |
| ০২ | উপজেলা পরিষদের ০১ (এক) জন কর্মচারী তথা মালীর বেতন বাবদ জানুয়ারি- ২০২২ | ১৭,০৫০/- |
| ০৩ | উপজেলা পরিষদের জানুয়ারি- ২০২২ মাসের বিভিন্ন সভার আপ্যায়ন বাবদ ব্যয় | ৩০,০০০/- |
| ০৪ | উপজেলা পরিষদের আনুসাঙ্গিক মালামাল ক্রয়ের জানুয়ারি- ২০২২ মাসের ব্যয় | ৫,০০০/- |
| | সর্বমোট ব্যয় = | ১,৫১,০৫০/- |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৬/৩/২২

(মো: ইয়ারুল ইসলাম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, মেহেরপুর সদর

স্মারক নম্বর : ০৫.৪৪.৫৭৮৭.০০০.০০৬.০১৪.২০২২- ৩১৭(৩০)

তারিখ : ০২ চৈত্র ১৪২৮ / ১৬ মার্চ ২০২২

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

০১। মাননীয় প্রতিমন্ত্রী, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় ও সংসদ সদস্য, ৭৩ মেহেরপুর -১
০২। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪। কমিশনার, খুলনা বিভাগ, খুলনা
০৫। পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বয়রা, খুলনা
০৬। জেলা প্রশাসক, মেহেরপুর
০৭। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, মেহেরপুর সদর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ)।

জ্ঞাতার্থে ও কার্যার্থে :

০৭। ..........................................................................
..........................................................................

২৬/০৩/2022

(আসাদুজ্জামান রিপন)
উপজেলা নির্বাহী অফিসার
মেহেরপুর সদর

## পরিশিষ্ট "ক"

| ক্রং নং | সদস্যের নাম/ পদবী | উপস্থিত | অনুপস্থিত | ই-মেইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|---|
| ০১ | জনাব আসাদুজ্জামান রিপন<br>উপজেলা নির্বাহী অফিসার, মেহেরপুর সদর । | উপস্থিত | - | unomeherpur@mopa. gov·bd | স্বাক্ষরিত |
| ০২ | জনাব মোঃ মাহফুজুর রহমান (রিটন)<br>মেয়র, মেহেরপুর পৌরসভা পক্ষে প্যানেল মেয়র | - | অনুপস্থিত | | - |
| ০৩ | জনাব মোঃ মোমিনুল ইসলাম<br>ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেহেরপুর সদর। | উপস্থিত | - | uzpmeherpursadar@gmail.com | স্বাক্ষরিত |
| ০৪ | জনাব মোছাঃ লতিফুন নেছা লতা<br>মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেহেরপুর সদর | উপস্থিত | - | uzpmeherpursadar@gmail.com | স্বাক্ষরিত |
| ০৫ | জনাব মোঃ সেলিম রেজা<br>চেয়ারম্যান, কুতুবপুর ইউনিয়ন পরিষদ | উপস্থিত | - | nahid.news635@gmail.com | স্বাক্ষরিত |
| ০৬ | জনাব মোঃ শাহ্জামান<br>চেয়ারম্যান, বুড়িপোতা ইউনিয়ন পরিষদ | উপস্থিত | - | jamanupchairman@gmail.com | স্বাক্ষরিত |
| ০৭ | জনাব মোঃ বোরহান উদ্দীন আহাম্মেদ<br>চেয়ারম্যান, আমঝুপি ইউনিয়ন পরিষদ | উপস্থিত | - | zestamj@gmail.com | স্বাক্ষরিত |
| ০৮ | জনাব মোঃ আনারুল ইসলাম<br>চেয়ারম্যান, আমদহ ইউনিয়ন পরিষদ। | উপস্থিত | - | amdahup26@gmail.com | স্বাক্ষরিত |
| ০৯ | জনাব মোঃ আব্দুস সামাদ বাবলু বিশ্বাস<br>চেয়ারম্যান, পিরোজপুর ইউনিয়ন পরিষদ | উপস্থিত | - | alhajtitu@gmail.com | স্বাক্ষরিত |
| ১০ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, মেহেরপুর সদর। | উপস্থিত | - | meherpursadar@uhfp0.dghs.gov. | স্বাক্ষরিত |
| ১১ | উপজেলা কৃষি অফিসার, মেহেরপুর সদর | উপস্থিত | - | uaosadarmeherpur@gmail.com | স্বাক্ষরিত |
| ১২ | উপজেলা প্রকৌশলী, মেহেরপুর সদর। | উপস্থিত | - | ue.meherpur.s@lged.gov.bd | স্বাক্ষরিত |
| ১৩ | উপজেলা প্রাণি সম্পদ অফিসার, মেহেরপুর সদর। | উপস্থিত | - | sharifd1s1975@gmail.com | স্বাক্ষরিত |
| ১৪ | উপজেলা শিক্ষা অফিসার, মেহেরপুর সদর । | উপস্থিত | - | ueommeherpursadar@gmail.com | স্বাক্ষরিত |
| ১৫ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মেহেরপুর সদর | উপস্থিত | - | useo.meherpursadar@gmail.com | স্বাক্ষরিত |
| ১৬ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, মেহেরপুর সদর | উপস্থিত | - | ufpomeherpur@gmail.com | স্বাক্ষরিত |
| ১৭ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মেহেরপুর সদর। | উপস্থিত | - | usso.meherpursadar@dss.gov.bd | স্বাক্ষরিত |
| ১৮ | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, মেহেরপর সদর। | উপস্থিত | - | meherpursufo@gmail.com | স্বাক্ষরিত |
| ১৯ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মেহেরপুর সদর। | উপস্থিত | - | pio.nahida@yahoo.com | স্বাক্ষরিত |
| ২০ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মেহেরপুর সদর। | উপস্থিত | - | | স্বাক্ষরিত |
| ২১ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মেহেরপুর সদর। | উপস্থিত | - | | স্বাক্ষরিত |
| ২২ | উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মেহেরপুর সদর। | উপস্থিত | - | | স্বাক্ষরিত |
| ২৩ | উপজেলা সমবায় কর্মকর্তা, মেহেরপুর সদর। | উপস্থিত | - | | স্বাক্ষরিত |
| ২৪ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মেহেরপুর সদর। | উপস্থিত | - | | স্বাক্ষরিত |
| ২৫ | ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন, নার্সারী ও প্রশিক্ষণ কেন্দ্র, মেহেরপুর। | উপস্থিত | - | | স্বাক্ষরিত |